গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ
dae.narayanganjsadar.narayanganj.gov.bd

# উপজেলা সার ডিলারদের সভার কার্যবিবরণী

সভাপতি: উপজেলা কৃষি অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ, নারায়ণগঞ্জ।
স্থান : উপজেলা কৃষি অফিসারের সম্মেলন কক্ষ।
তারিখ: ১০/১০/২০২৩ খ্রি:
সময় : সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক" সংযুক্ত।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি অতিরিক্ত কৃষি অফিসার, জনাব মোছা: রুপালী খাতুন কে সভার আলোচ্য সুচীর উপর বিস্তারিত আলোচনা করার জন্য আহবান করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে অনুমোদিত হয়।

আলোচ্য সূচি-১:

সভায় অতিরিক্ত কৃষি অফিসার, নারায়ণগহ্জ সদর, নারায়ণগঞ্জ বলেন যে, চলতি অক্টোবর/২০২৩ মাসে নারায়ণগঞ্জ সদর উপজেলায় ২২০ মে. টন ইউরিয়া, ৮০ মে. টন টিএসপি, ২৪৫ মে. টন ডিএপি, ১৩০ মে. টন এমওপি সার বরাদ্দ পাওয়া যায়। উপজেলার ৮টি বিসিআইসি ডিলার এবং ৪টি বিএডিসি ডিলারের নিকট উপজেলায় বর্তমানে ২৭ মে. টন ইউরিয়া, ২৭ মে. টন টিএসপি, ২১ মে. টন ডিএপি, ২০ মে. টন এমওপি সার মজুদ রয়েছে। এ বিষয়ে তিনি আরও জানান যে, মাসিক বরাদ্দকৃত সার বরাদ্দ পত্র প্রাপ্তির ৩ (তিন) কর্মদিবসের মধ্যে উপজেলা হতে বিধিমোতাবেক জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ মহোদয়ের নিকট প্রেরণ করা হয়ে থাকে। লক্ষ্য করা যায় যে, মূল বরাদ্দপ্রাপ্তির পর বরাদ্দের নিদের্শনা মোতাবেক কোন কোন ডিলার সময়মত সারের মূল্য জমা প্রদান, সার উত্তোলন ও আগমনি বার্তা দাখিলে বিলম্ব করে থাকেন। ফলে কৃষক পর্যায়ে সময়মত সার বিতরণ কার্যক্রম ব্যহত হয়। বরাদ্দকৃত সার নির্ধারিত সময়ে উত্তোলন নিশ্চিতকরণ ও চাহিদা মোতাবেক সরকার অনুমোদিত মূল্যে কৃষক পর্যায়ে বিক্রয় অব্যাহত রাখার জন্য ডিলারদের পরামর্শ প্রদান করা হয়। এ বিষয়ে আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : উপজেলার সার ডিলারদের অনুকূলে বরাদ্দকৃত সারের সময়মত জমা প্রদান, সার উত্তোলন ও আগমনি বার্তা দাখিল এবং কৃষক পর্যায়ে সরকার অনুমোদিত মূল্যে বিক্রয় করবেন মর্মে সিদ্ধান্ত অব্যাহত রাখা হয়। এই উপজেলায় সার মনিটরিং অফিসারদের মনিটরিং কার্যক্রম আরও জোড়দার করনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।

বাস্তবায়ন :
১। উপজেলা কৃষি অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
২। অতিরিক্ত কৃষি অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
৩। কৃষি সম্প্রসারণ অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

আলোচ্য সূচি-২:

উপস্থিত বিসিআইসি সার ডিলারগণ সভাকে অবহিত করেন যে, গত ২০২২-২৩ মৌসুমে কৃষকগণ আলু ও শাকসবজির মূল্য তুলনামূলক বেশি পাওয়ায় আসন্ন রবি ২০২৩-২৪ মৌসুমে আলু ও শীতকালীন শাকসবজির আবাদ উল্ল্যেখযোগ্য পরিমান বৃদ্ধি পাবে। ফলে আসন্ন রবি পিক সিজনে অনুমোদিত রাসায়নিক সারের বরাদ্দের অতিরিক্ত বিভিন্ন প্রকার রাসায়নিক সারের বরাদ্দের প্রয়োজন।

সিদ্ধান্তঃ সভাপতি মহোদয় জানান যে, আসন্ন রবি ২০২৩-২৪ মৌসুমে রাসায়নিক সারের অতিরিক্ত চাহিদার বিষয়টি বিবেচনা করে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা পূর্বক ইতোমধ্যে ৬৩৩ মে. টন ও ৭০০ মে.টন এমওপি সারের অতিরিক্ত বরাদ্দের ব্যবস্থা করার জন্য উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ মহোদয় বরাবর চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে।

বাস্তবায়ন: সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষ।

আলোচ্য সূচি-৩:

সভায় সার পাচার/চোরাচালান সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয় সভাপতি মহোদয় বলেন যে, উপজেলায় সার পাচার/চোরাচালান বিষয়ে মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। ডিলার কর্তৃক সার উত্তোলনের পর যেন মেইলগেটে বিক্রয় বা জেলার বাইরে অথবা এক উপজেলার সার যাতে অন্য উপজেলায় পাচার হতে না পারে, ডিলার বা খুচরা সার বিক্রেতাগণ যেন ভেজাল বা নিম্নমানের সার দোকানে না রাখে ও সরকার অনুমোদিত মূল্যের চেয়ে বেশি দরে যাতে সার বিক্রি করতে না পারে সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার পরামর্শ প্রদান করা হয়। এ বিষয়ে আলোচনান্তে পুনরায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : ডিলার কর্তৃক সার উত্তোলনের পর যেন মোইলগেটে সার বিক্রয় বা জেলার বাইরে অথবা অন্য উপজেলায় পাচার হতে না পারে এবং ডিলার বা খুচরা সার বিক্রেতাগণের দোকানে যেন ভেজাল বা নিম্নমানের সার না থাকে এ বিষয়ে মনিটরিং কার্যক্রম আরও জোড়দার করার সিদ্ধান্ত অব্যাহত রাখা হয়।

বাস্তবায়ন :

১। উপজেলা কৃষি অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
২। অতিরিক্ত কৃষি অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
৩। কৃষি সম্প্রসারণ অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

আলোচ্য সূচি-৪ :

সভাপতি মহোদয় কৃষক পর্যায়ে সরকার নির্ধাতি মূল্যে সার সরবরাহ নিশ্চিকরণের লক্ষ্যে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নারায়ণগঞ্জ সদর কে সম্পৃক্ত করে সারের সরকার নির্ধারিত বিক্রয়মূল্য তালিকা লেমিনেটিং করে এবং লালসালু কাপড়ে লিখে বিসিআইসি, বিএডিসি সার ডিলার ও খুচরা সার বিক্রেতাগণের দোকানে দৃশ্যমান জায়গায় টাঙ্গিয়ে রাখাসহ সার বিক্রয়ের রশিদ প্রদানের উপর পুনরায় গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন যে, বিসিআইসি, বিএডিসি সার ডিলারদের পাশাপাশি খুচরা সার বিক্রেতাগণের দোকান নিয়মিত মনিটরিং অব্যাহত রাখা প্রয়োজন। এ বিষয়ে আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : বিভিন্ন রাসায়নিক সারের সরকার নির্ধারিত বিক্রয়মূল্যলেমিনেটিং করে ও লালসালু কাপড়ে লিখে সার্বক্ষণিকভাবে সার ডিলার ও খুচরা সার বিক্রেতাগণের দোকানে দৃশ্যমান জায়গায় টাঙ্গিয়ে রাখার বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন :

১। উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
২। উপজেলা কৃষি অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি করা হয়।

(মাহমুদা হাসনাত)
উপজেলা কৃষি অফিসার
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ

স্মারক নং-১২.১৮.৬৭৫৮.০৪০.১৬.০০৮.২৩/ তারিখঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
৩। অতিরিক্ত কৃষি অফিসার, এই কার্যালয়।
৪। ......................................কৃষি সম্প্রসারণ অফিসার, এই কার্যালয়।
৫। মেসার্স............................................................................ বিসিআইসি ডিলার।
৬। অফিস নথি।

(মাহমুদা হাসনাত)
উপজেলা কৃষি অফিসার
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ